# ঘোড়াশাল পৌরসভা কার্যালয়

**পলাশ, নরসিংদী।**

**বিষয় ঃ এপ্রিল/২০২৩ মাসের পৌর পরিষদের মাসিক সভার কার্যবিবরণী।**

**সভা নং ঃ ১৯**

**সভাপতি ঃ (মোঃ আল মুজাহিদ হোসেন)**
**মেয়র**
ঘোড়াশাল পৌরসভা
পলাশ, নরসিংদী।

তারিখ ঃ ৩০/০৪/২০২৩খ্রিঃ
সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা ।
সভার স্থান ঃ ঘোড়াশাল পৌরসভার সভা কক্ষ।

**সভায় উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষর হাজিরা রেজিষ্টারে সংরক্ষিত আছে।**

সভার শুরুতে পবিত্র কোরআন থেকে তিলোয়াত করেন মোঃ তাজেল হোসেন হাওলাদার, পৌর নির্বাহী কর্মকর্তা ঘোড়াশাল পৌরসভা। এরপর সভাপতি সাহেব সকলকে স্বাগত জানিয়ে আলোচ্যসূচী অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেন।

| ক্র:নং | আলোচ্য সূচীঃ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | **পূর্ববর্তী সভার কার্য বিবরনী পাঠ ও অনুমোদন।** | সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে পৌর নির্বাহী কর্মকর্তা সাহেব পূর্ববর্তী সভার কার্যবিবরনী পাঠ করিয়া শুনান। উহার উপর বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে আর কোন সংশোধনী না থাকায় উহা অনুমোদনের প্রস্তাব করেন। | ১।কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে কার্যবিবরনী অনুমোদন করা হয়। | মেয়র |
| ২ | রাজস্ব আদায় বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। | সভাপতি মহোদয়ের নির্দেশ ক্রমে কর আদায়কারীর কাছ হতে প্রাপ্ত তথ্যের আলোকে পৌর নির্বাহী কর্মকর্তা জানান যে, এপ্রিল/২০২৩ মাসে পৌর করের দাবি ছিল= ১,৭৩,৫৯,৭৮০/= টাকা। আদায় হয়েছে= ৮,৫৭,২৭৭/= টাকা। আদায়ের হার ৪.৯৩%। ট্রেডলাইসেন্স বাবদ এপ্রিল/২০২৩ মাসে আদায় হয়েছে ১,২৮,৫০০/= টাকা। নতুন লাইসেন্স করা হয়েছে ৩৬ টি এবং নবায়ন করা হয়েছে ৬৪ টি। তিনি আরও জানান যে, লাইসেন্স ফি আদায়ের হার গত বছরের এই সময়ের তুলনায় অনেক ভাল। তবে রিক্সা, অটোরিক্সা, ভ্যান এর লাইসেন্স কার্যক্রম ২ বছর ধরে বন্ধ।<br>ননট্যাক্স বাবদ এপ্রিল/২০২৩ মাসে আদায় হয়েছে ৪৯,১৯,২১৭.৮০ টাকা। উহার মধ্যে সাবরেজিষ্টার অফিস হতে ১৩,৬৩,০৮১.৮০/= টাকা।<br>এসমস্ত বিষয়ে উপস্থিত সকলের মধ্যে বিস্তারিত আলোচনা হয়। আলোচনা কালে কাউন্সিলর জাকিয়া সুলতানা বলেন যে, পৌর কর আদায়ের হার বৃদ্ধি করা খুবই দরকার। এজন্য জনগনকে সচেতন করার প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া উচিত। | ১। মোট লক্ষ্যমাত্রার নূন্যতম ৯০% হোল্ডিং ট্যাক্স আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২।সকল শ্রেনীর ব্যবসায়ীদের লাইসেন্স এর আওতায় আনার সিদ্ধান্ত হয়।<br>৩। মাঠ পর্যায়ে গিয়ে কার্যক্রম অব্যাহত রাখা সিদ্ধান্ত হয়।।<br>৪। ব্যাংক, এজেন্ট ব্যাকিং, বীমা, স্কুল,কলেজ, কোচিং সেন্টার, ডিশ, উকিল, ডাক্তার, ইঞ্জিনিয়ার ইত্যাদি এর লাইসেন্স করার সিদ্ধান্ত হয় ।<br>৫। রিক্সা, অটোরিক্সা, ভ্যান এর লাইসেন্স করার সিদ্ধান্ত হয়। | কর আদায় ও লাইসেন্স শাখা |
| ৩ | **অন্তর্বর্তী কালিন কর নির্ধারন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।** | পৌর নির্বাহী কর্মকর্তা কর নির্ধারকের কাছ হতে প্রাপ্ত তথ্যের আলোকে জানান যে, এপ্রিল/২০২৩ মাসে ০২ টি নতুন হোল্ডিং । উহার মধ্যে ২টি হোল্ডিং এর আপিল করা হয়েছে। এ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। তিনি আরো জানান যে, বর্তমানে এসেসমেন্ট শেষ। এখন কর নির্ধানের কাজ চলছে। কর নির্ধারনের নোটিশ বাড়ী বাড়ী পাঠালে জনগন কর পরিশোধ করবে বলেও জানান। | ১। দ্রুত কর নির্ধারনের কাজ শেষ করার সিদ্ধান্ত হয়। | কর নির্ধারনও আদায় বিষয়ক স্থায়ী কমিটি ও কর নির্ধারন শাখা |

| | | | | |
|---|---|---|---|---|
| ক্র:নং | আলোচ্য সূচীঃ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
| ৪ | **উন্নয়ন কর্মকান্ড সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন প্রসংগে।** | (ক) মেয়র মহোদয় সভায় জানান যে, ২৫/০১/২০২৩খ্রিঃ তারিখে উন্নয়ন সহায়তা তহবিল ও রাজস্ব তহবিলের আওতায় ৩৪টি প্যাকেজে মোট ২,৫৫,৫৩,০৫০/= টাকার দরপত্র আহবান করা হয়।<br>ঠিকাদারদের অনুকূলে নোটিফিকেশন অব এ ওয়ার্ড প্রদান করে চুক্তিপত্র সম্পন্ন করা হয়েছে। চুক্তিপত্র সম্পন্নের পর দ্রুত কাজও শুরু করা হয়েছে। কাজগুলির মান যাতে ভাল হয় সেই জন্য সঠিকভাবে তত্ত্বাবধায়ন ও মনিটরিং করার জন্য সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলরদের সহযোগিতা চান। অত:পর এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং কাজের গুনগত মান বজায় রাখার জন্য উপস্থিত সকল সদস্য একমত প্রকাশ করে সঠিক সহযোগিতার আশ্বাস প্রদান করেন। | ১। প্রাক্কলন অণুযায়ী সকল কাজ নির্ধারিত সময়ে শেষ করার সিদ্ধান্ত হয়।<br>২। কাজের গুনগত মান বজায় রাখার জন্য সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলর গনও প্রকৌশল বিভাগের সহিত তদারকি করবেন মর্মে সিদ্ধান্ত হয়। | **প্রকৌশল বিভাগ।** |
| | | **(খ) চুক্তিমূল্য সংশোধন প্রসঙ্গেঃ** মেয়র মহোদয় সভায় জানান যে, Package No-W-15/2022-2023/REV<br>Construction of CC Road at Tangarpara from Babul miah House to Mohammad ali Member House Road at ward No-06. Under Ghorashal Pourashava, Palash, Narsingdi. Ch.0.00m-Ch170.00m. রাস্তাটি নীচু ছিল। জনগনের চাহিদার প্রেক্ষিতে জনস্বার্থে রাস্তাটি উচু করার প্রয়োজন । বর্তমান চুক্তিমূল্য সেটা সম্ভব নয় বিধায় প্রকৌশল বিভাগকে ইতিমধ্যে চুক্তিমূল্য সংশোধন করার জন্য নির্দেশ দেয়া হয়েছিল। বর্তমান চুক্তিমূল্য **১১,২৩,৯৩১/=** টাকা। প্রকৌশল বিভাগ কর্তৃক দাখিলকৃত সংশোধিত চুক্তিমূল্য দাড়ায় **১২,০২,৬৭৮/=** টাকা।<br>এ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। উপস্থিত সকলেই জনস্বার্থে সংশোধিত চুক্তিমূল্য অনুমোদনের পক্ষে মতামত দেন। | বর্তমান চুক্তিমূল্য **১১,২৩,৯৩১/=** টাকা হতে বৃদ্ধি করে সংশোধিত চুক্তিমূল্য **১২,০২,৬৭৮/=** টাকা সর্ব সম্মতিক্রমে অনুমোদন করা হয়। | |
| | | **(গ) চুক্তিমূল্য সংশোধন প্রসঙ্গেঃ** মেয়র মহোদয় সভায় জানান যে, Package No-W-12/2022-2023/REV এর উত্তর পাইকসা খোমেনী জয়নালের বাড়ী হতে সালাম মিয়ার বাড়ী পর্যন্ত রাস্তাটি নীচু ছিল। জনগনের চাহিদার প্রেক্ষিতে জনস্বার্থে রাস্তাটি উচু করার প্রয়োজন। বর্তমান চুক্তিমূল্য সেটা সম্ভব নয় বিধায় প্রকৌশল বিভাগকে ইতিমধ্যে চুক্তিমূল্য সংশোধন করার জন্য নির্দেশ দেয়া হয়েছিল। বর্তমান চুক্তিমূল্য ৬,৫৬,৪৮৫.৭২ টাকা। প্রকৌশল বিভাগ কর্তৃক দাখিলকৃত সংশোধিত চুক্তিমূল্য দাড়ায় ৭,০৬,৭০৭.৯৬ টাকা।<br>এ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। উপস্থিত সকলেই জনস্বার্থে সংশোধিত চুক্তিমূল্য অনুমোদনের পক্ষে মতামত দেন। | বর্তমান চুক্তিমূল্য ৬,৫৬,৪৮৫.৭২ টাকা হতে বৃদ্ধি করে সংশোধিত চুক্তিমূল্য ৭,০৬,৭০৭.৯৬ টাকা সর্ব সম্মতিক্রমে অনুমোদন করা হয়। | |
| ৫। | বাজেট সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। | পৌর নির্বাহী কর্মকর্তা সভায় জানান যে, আগামী ২০২৩-২০২৪ অর্থ বৎসরে বাজেট প্রণয়নের কাজ বিধি মোতাবেক এপ্রিল/২০২৩ থেকে শুরু করতে হয় এবং জুন/২০২৩ মাসের মধ্যে বাজেট অনুমোদনের জন্য সংশ্লিষ্ট মন্ত্রনালয়ে প্রেরণ করতে হয়। তার পূর্বে খসড়া বাজেট আগামী TLCC সভায় এবং সর্বস্তরের জনসাধারনের অবগতির জন্য **নোটিশ** বোর্ডে টানাতে হয়। সমস্ত বিধি বিধান অনুসরন পূর্বক দ্রুত বাজেট প্রনয়ন করে মন্ত্রণালয়ে প্রেরন করতে হবে। এ বিষয়ে উপস্থিত সকলের মধ্যে বিস্তারিত আলোচনা হয়।<br>আলোচনাকালে সংরক্ষিত আসনের কাউন্সিলর জাকিয়া সুলতানা বলেন যে, সর্বজন গ্রহনযোগ্য বাজেট প্রনয়নের জন্য শিক্ষা, স্বাস্থ্য ও পরিষ্কার পরিচ্ছন্নতা খাতে বরাদ্দ বৃদ্ধি করা দরকার। কাউন্সিলর জনাব মোঃ কবির হোসেন হিসাব ও নিরীক্ষা সংক্রান্ত স্থায়ী কমিটি কে বাজেট প্রনয়নে | ১। নির্ধারিত সময়ের মধ্যে বাজেট প্রনয়ন, শিক্ষা, স্বাস্থ্য ও পরিষ্কার পরিচ্ছন্নতা খাতে বরাদ্দ বেশি রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। হিসাব ও নিরীক্ষা সংক্রান্ত স্থায়ী কমিটি বাজেট প্রনয়নে সার্বিক সহযোগিতা করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | পৌর নির্বাহী কর্মকর্তা ও হিসাব রক্ষণ কর্মকর্তা অত্র পৌরসভা এবং হিসাব ও নিরীক্ষা সংক্রান্ত স্থানীয় |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সার্বিক সহযোগিতা করার প্রস্তাব করেন।তাদের উভয়ের এ প্রস্তাবকে উপস্থিত সকলেই সমর্থন করেন। | | কমিটি। |
| ক্র:নং | আলোচ্য সূচীঃ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
| ৬। | **জন্ম নিবন্ধন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।** | পৌর নির্বাহী কর্মকর্তা সভায় জানান যে, গত এপ্রিল/২৩ মাসে ০-৪৫ দিনের মধ্যে জন্ম গ্রহণকৃত মোট ৯০ টি শিশুর জন্ম নিবন্ধন হয় এবং মৃত্যু সংখ্যা ০৭ টি নিবন্ধন হয়। মেয়র মহোদয় সভায় জানান যে, যেহেতু নবাগত শিশুদের টিকা দেয়ার জন্য টিকা কেন্দ্রে নিয়ে আসতে হয়, তাই টিকা কেন্দ্র সমুহে হাসপাতালের টিকাদান কর্মীদের সহিত পৌরসভার তিনজন চুক্তিভিত্তিক কর্মী থাকবে এবং তারা সেখান থেকেই শিশুদের তালিকা সংগ্রহ করে অফিসে নিয়ে আসবেন। তার এই প্রস্তাব সবাই সমর্থন করেন। | হাসপাতালের টিকাদান কর্মীদের সহিত পৌরসভার চুক্তিভিত্তিক কর্মচারী জনাব তানভীর আহম্মেদ **১,২,৩** নং ওয়ার্ডে, জনাব আসিফ ৪,৫,৬ নং ওয়ার্ডে, জনাব সৈকত ৭,৮,৯ নং ওয়ার্ডে দায়িত্ব পালন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়। তবে এ দায়িত্ব পর্যায়ক্রমে পরিবর্তন হতে পারে মর্মে সিদ্ধান্ত হয়। | **পৌনিক** |
| ৭। | **বিবিধ** | **ক) সাপোর্ট ডাস্টবিন/বীন ক্রয় প্রসংগেঃ** মেয়র মহোদয় সভায় জানান যে, সাধারন জনগন কিছু কিছু জনগুরুত্বপূর্ণ স্থানে যত্রতত্র ময়লা ফেলে রাস্তা নষ্ট করছে এবং পরিবেশ দুষিত করছে। সেক্ষেত্রে জনগনের চলাচলে সমস্যা হচ্ছে। পরিচ্ছন্ন শহর গড়ার ক্ষেত্রে বাধার সৃষ্টি করছে। এ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>আলোচনাকালে কাউন্সিলর ০৪নং ওয়ার্ড ময়লা আবর্জনা অপসারন বিষয়ক স্থায়ী কমিটির জনাব মোঃ শহিদুল ইসলাম বলেন যে, এ থেকে পরিত্রানের জন্য বা উক্ত সমস্যা সমাধানের জন্য গুরুত্বপূর্ন স্থানগুলোতে সার্পোট ডাস্টবিন/বীন স্থাপনের প্রস্তাব করেন। এতে পরিবেশ দুষিত হবে না এবং ময়লাও জনগনের চোখে পড়বে না।সবাই তার এ প্রস্তাবকে সমর্থন করেন। | আলোচনান্তে প্রাথমিকভাবে বিশটি সার্পোট ডাস্টবিন বা বীন রাজস্ব তহবিলের অর্থ দ্বারা ক্রয় করার সিদ্ধান্ত হয়। পরবর্তিতে এর সুফলের আলোকে প্রয়োজনের ভিত্তিতে প্রয়োজনীয় সংখ্যক বীন ক্রয় করার সিদ্ধান্ত হয়। | পৌনিক |
| | | **খ) ভেকু দ্বারা ময়লা আবর্জনা সরানো প্রসঙ্গেঃ** মেয়র মহোদয় সভায় জানান যে, ডাম্পিং ষ্টেশনটি ট্রাক কর্তৃক দৈনন্দিন ফেলানো ময়লা আবর্জনা স্তুপীকৃত হয়েছে। দ্রুত গতিতে সরানো না হলে পরবর্তি ময়লা আবর্জনা ফেলা যাচ্ছে না এবং রাস্তা দিয়ে জনসাধারনের চলাচলেও সমস্যা হচ্ছে। চারিদিকে দুর্গন্ধ ছড়িয়ে পড়ছে। এ বিষয়ে আলোচনা কালে ০৪ নং ওয়ার্ড কাউন্সিলর ও ময়লা আবর্জনা অপসারন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি মোঃ শহিদুল ইসলাম বলেন যে, ভেকু ভাড়া করে ময়লা আবর্জনা দ্রুত অপসারন করা উচিত। উপস্থিত সবাই তার এ প্রস্তাবকে সমর্থন করেন। | **১। দৈনিক ঘন্টা ভিত্তিক ভেকু ভাড়া করে ময়লা আর্বজনা অপসারন করার সিদ্ধান্ত গৃহিত হয়।**<br>**২। উক্ত অর্থ পৌর রাজস্ব তহবিল থেকে বহন করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।** | |
| | | **গ) ডাম্পিং ষ্টেশনে রাস্তা নির্মান প্রসঙ্গে** ঃ মেয়র মহোদয় সভায় জানান যে, ঘোড়াশাল পৌরসভার বাসা বাড়ি, হাট-বাজার ও শিল্প প্রতিষ্ঠানের ময়লা আবর্জনা গার্ভেজ ট্রাকের মাধ্যেমে প্রতিদিন বাদামতলী ডাম্পিং ষ্টেশনে অপসারন করা হয়। কিন্তু বর্তমানে গার্ভেজ ট্রাক ০৩টি ও সারকারখানা থেকে ০১ টি সর্বমোট ০৪ টি গার্বেজ ট্রাকের মাধ্যমে প্রতিদিন ময়লা ফেলা হচ্ছে। এতে বর্তমানে ডাম্পিং ষ্টেশনে ময়লা অল্প সময়ের মাধ্যমে স্তুপকৃত হয়ে পড়েছে। এতে কাজের বেশ অসুবিধা। পাশাপাশি কিছুদিন পর ভেকুর মাধ্যমে ময়লা আবর্জনা ড্রেসিং করতে হয়। | জরুরী ভিত্তিতে ভেকুর মাধ্যমে রাবিশ ফেলে ডাম্পিং ষ্টেশনের (বাকী) অবশিষ্ট রাস্তাটি মাঝখান থেকে পশ্চিম সীমানা পর্যন্ত সম্প্রসারন করনের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ডাম্পিং ষ্টেশনে মাঝখানের রাস্তাটি পশ্চিম সীমানা পর্যন্ত সম্প্রসারিত করা হলে উল্লেখিত সমস্যা অনেকটা সমাধান হবে। রাস্তাটি সম্প্রসারন করা জনস্বার্থে জরুরী হয়ে পড়েছে। | | |

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**(মোঃ আল মুজাহিদ হোসেন )**
**মেয়র**
ঘোড়াশাল পৌরসভা
পলাশ, নরসিংদী।

স্মারক নংঃ ঘোপৌস/০১/সাধা-১/২০২২-২০২৩/ তারিখঃ

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতির জন্যঃ

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নগর ব্যবস্থাপনা ও পরিচালক,আরবান ম্যনেজম্যান্ট সাপোর্ট ইউনিট,এলজিইডি সদর দপ্তর, লেভেল-৭, আরডিইসি ভবন,আগারগাঁও ঢাকা-১২০৭।

৩। জেলা প্রশাসক, নরসিংদী।

৪। প্রকল্প পরিচালক, গুরুত্বপূর্ন নগর অবকাঠামো উন্নয়ন প্রকল্প-২,আরডিইসি ভবন,এলজিইডি সদর দপ্তর,আগারগাঁও ঢাকা-১২০৭

৫-১৬। কাউন্সিলর,(সকল), ঘোড়াশাল পৌরসভা, পলাশ, নরসিংদী।

১৭। বিভাগীয় প্রধান (সকল), ঘোড়াশাল পৌরসভা ,পলাশ, নরসিংদী। ১৮। অফিস কপি।

**( মোঃ আল মুজাহিদ হোসেন )**
**মেয়র**
ঘোড়াশাল পৌরসভা
পলাশ, নরসিংদী।